

‘বাংলায় অনুদিত’

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ১৯

তারিখঃ সেপ্টেম্বর ২৯, ২০১০

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

### রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ) এর সুদের হার প্রসংগে।

এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ২২, ২০০৯ এর সাথে সংযোজিত ইডিএফ ঋণ ছাড়করণ বিষয়ে পরিচালন পদ্ধতির ২ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী উৎপাদনকারী-রপ্তানিকারকের অনুকূলে মার্কিন ডলারে প্রদত্ত ইডিএফ ঋণের বিপরীতে ছয় মাসের লিবর + ২.৫০% হারে সুদারোপ করা হয়।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উৎপাদনকারী-রপ্তানিকারকের অনুকূলে মাঃডঃ ১.৫০ মিলিয়ন পর্যন্ত ছাড়কৃত ইডিএফ ঋণের সুদের হার হবে ছয় মাসের লিবর + ১.০০%। মাঃডঃ ১.৫০ মিলিয়নের (একই অনুমোদিত ডিলার ব্যাংক কিংবা অন্য দু’টি অনুমোদিত ডিলার ব্যাংক হতে) অতিরিক্ত ইডিএফ ঋণের সুদের হার পূর্বের ন্যায় অর্থাৎ ছয় মাসের লিবর + ২.৫০% সুদ হার প্রযোজ্য হবে। একের অধিক অনুমোদিত ডিলার ব্যাংক থেকে ইডিএফ ঋণ সুবিধা গ্রহণের ক্ষেত্রে ঋণ গ্রহণ সংক্রান্ত যথাযথ তথ্য উৎপাদনকারী-রপ্তানিকারক অনুমোদিত ডিলার ব্যাংকগুলোতে সরবরাহ করবে, যাতে ঐ সকল ব্যাংক উপযুক্ত সুদ হার প্রয়োগ করতে পারে। মাঃডঃ ১.৫০ মিলিয়নের অতিরিক্ত ইডিএফ ঋণের বিপরীতে আলোচ্য হ্রাসকৃত সুদ হার প্রয়োগ করার দৃষ্টান্ত চিহ্নিত হলে, মাঃডঃ ১.৫০ মিলিয়নের অতিরিক্ত ঋণের জন্য সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা উৎপাদনকারী-রপ্তানিকারকের ওপর প্রযোজ্য উচ্চ হারে সুদারোপ করা হবে। অন্যান্য ঋণের ন্যায় ইডিএফ ঋণও ঋণ পুনঃতফসিলিকারী ঋণ গ্রহীতাসহ ঋণ খেলাপী নয় এমন উৎপাদনকারী-রপ্তানিকারকের জন্য প্রযোজ্য হবে।

উপরোল্লিখিত ইডিএফ ঋণের প্রথম মাঃডঃ ১.৫০ মিলিয়ন এর জন্য বাংলাদেশ ব্যাংক অনুমোদিত ডিলার ব্যাংকের নিকট হতে ছয় মাসের লিবর হারে সুদ আদায় করবে।

সংশোধিত সুদের হার জানুয়ারী ০১, ২০১০ হতে কার্যকর হবে এবং জুন ৩০, ২০১১ পর্যন্ত বলবৎ থাকবে। এফই সার্কুলার নং ২৫/২০০৯ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(খন্দকার আবদুস সেলিম)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫